**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০৫/২০১৭**

**ঢাকা, সোমবার ২৯ মে ২০১৭, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার সম্মেলনে যোগ দিতে অস্ট্রিয়া যাচ্ছেন প্রধানমন্ত্রী

২। জঙ্গিবাদ প্রতিরোধে যুবসমাজকেই দায়িত্ব নিতে হবে : শিল্পমন্ত্রী

৩। শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণে দুর্নীতি সহ্য করা হবে না : শিক্ষামন্ত্রী

৪। সাইবার আইনের ৫৭ ধারা বাতিল হবে : তথ্যমন্ত্রী

৫। জাতীয় সংসদের ১৬তম বাজেট অধিবেশন বসছে আগামীকাল

৬। ভোজালবিরোধী  অভিযানে ৪২টি প্রতিষ্ঠানকে সাড়ে ৯ লাখ টাকা জরিমানা

৭। দেশে নতুন ১৪ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে : বিবিএস জরিপ

৮। তামাক নিয়ন্ত্রণে প্ল্যাটফর্ম গঠন করবে পিকেএসএফ

৯। ব্লগার রাজীব হত্যা মামলার পূর্ণাঙ্গ রায় প্রকাশ

১০। জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ

চলমান পাতা-২

১। **আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার সম্মেলনে যোগ দিতে অস্ট্রিয়া যাচ্ছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২৯ মে সোমবার সকালে অস্ট্রিয়া যাচ্ছেন। আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার (আইএইএ) আমন্ত্রণে দুইদিনের সফরে তিনি অস্ট্রিয়া যাচ্ছেন। আগামী ৩০ মে 'আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার টেকনিক্যাল সহযোগিতা কর্মসূচি : ৬০ বছর পেরিয়ে উন্নয়নে অবদান' শীর্ষক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। এই প্রথমবারের মতো বাংলাদেশের কোনো প্রধানমন্ত্রী অস্ট্রিয়া সফর করছেন। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীরা আজ সকাল ৯টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে ভিয়েনার উদ্দেশ্যে ঢাকা ছাড়বেন। ভিয়েনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উঠবেন হোটেল ইম্পেরিয়ালে, সেখানে প্রথম দিনই তিনি ইউরোপ প্রবাসী বাংলাদেশিদের একটি সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেবেন। গতকাল ২৮ মে রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষপৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

২। **জঙ্গিবাদ প্রতিরোধে যুবসমাজকেই দায়িত্ব নিতে হবে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, জঙ্গিবাদ প্রতিরোধে যুবসমাজকেই মূল ভূমিকা পালন করতে হবে। গতকাল ২৮ মে রোববার ঝালকাঠি জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে যুব প্রশিক্ষণ কেন্দ্রের হলরুমে অনুষ্ঠিত এক জঙ্গিবাদবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী আরও বলেন, বর্তমানে দেশে জঙ্গিবাদ একটি সংক্রামক ব্যাধিতে পরিণত হয়েছে। জঙ্গিরা প্রথমে ধর্মের কথা বলে সমাজে অনুপ্রবেশ করে পরে ধর্মান্ধতার মাধ্যমে জঙ্গিবাদের সৃষ্টি করে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.১১,ক.১)।

৩। **শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণে দুর্নীতি সহ্য করা হবে না : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের ক্ষেত্রে কোনো ঘুষ, দুর্নীতি সহ্য করা হবে না। এ ব্যাপারে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। গতকাল ২৮ মে রোববার রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের (ইইডি) আলোচনা অনুষ্ঠান ও ইফতার মাহফিলে অংশ নিয়ে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

৪। **সাইবার আইনের ৫৭ ধারা বাতিল হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, আমরা এরই মধ্যে গণমাধ্যম নীতিমালার জন্য উদ্যোগ গ্রহণ করেছি। এর জন্য সিনিয়র সাংবাদিকদের দায়িত্ব দেওয়া হয়েছে। ইতোমধ্যে অনলাইন নীতিমালা প্রস্তুত হয়েছে। তা আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রিপরিষদের বৈঠকে উত্থাপন করা হবে। আর সাইবার সংক্রান্ত আইন করতে আরো ৬ মাস লাগতে পারে। সাইবার আইন চূড়ান্ত হলে আইসিটি আইনের ৫৭ ধারা বাতিল হয়ে যাবে। আইনমন্ত্রীও ইতোমধ্যে এ বিষয়টি বলেছেন। গতকাল ২৮ মে রোববার পিআইবিতে বিসিডিজেসি এবং ইউনেস্কো ঢাকা অফিসের যৌথ উদ্যোগে আয়োজিত স্টেট অব জার্নালিজম ইন বাংলাদেশ শীর্ষক সেমিনারে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

৫। **জাতীয় সংসদের ১৬তম বাজেট অধিবেশন বসছে আগামীকাল**

দশম জাতীয় সংসদের ১৬তম বাজেট অধিবেশন বসছে আগামীকাল ৩০ মে মঙ্গলবার বেলা এগারোটায়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত আগামী পহেলা জুন বৃহস্পতিবার সংসদ অধিবেশনে ২০১৭-১৮ অর্থবছরের বাজেট উপস্থাপন করবেন। সংসদ অধিবেশন সামনে রেখে আজ সোমবার রাত ১২টা থেকে জাতীয় সংসদ ভবন এলাকায় সকাল প্রকার মিছিল-সমাবেশে নিষেধাজ্ঞা জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫) **অবজারভার** (পৃ.২,ক.১)।

৬।  **ভেজালবিরোধী অভিযানে ৪২ টি প্রতিষ্ঠানকে সাড়ে ৯ লাখ টাকা জরিমানা**

পবিত্র রমজানের প্রথম দিনে বাজারের দাম বৃদ্ধি ও ভেজাল রোধে অভিযান চালিয়েছে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (ডিএনসিআরপি) ও র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১০ (র‌্যাব)। গতকাল ২৮ মে রোববার এই তিন সংস্থার পৃথক



অভিযানে পণ্যে ভেজাল ও বিষাক্ত কেমিক্যাল মেশানো, নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে বেচাকেনা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরির প্রমাণ মিলেছে। এসব অপরাধে ৪২টি প্রতিষ্ঠানকে প্রায় সাড়ে ৯ লাখ টাকা জরিমানা করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৭)।

৭।  **দেশে নতুন ১৪ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে : বিবিএস জরিপ**

দেশে নতুন করে ১৪ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। ২০১৬ সালের জুন শেষে দেশে কর্মসংস্থান পাওয়া মানুষের সংখ্যা বেড়ে ৫ কোটি ৯৫ লাখ দাঁড়িয়েছে, যা ২০১৩ সাল শেষে ছিল ৫ কোটি ৮১ লাখ। বিবিএস নতুন জরিপ অনুযায়ী দেশে মোট বেকারের সংখ্যা ২৬ লাখ। গতকাল ২৮ মে রোববার প্রকাশিত ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০১৫-১৬ প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়। রাজধানীর আগারগাঁওয়ে বিবিএসের সম্মেলনকক্ষে প্রতিবেদনটি উপস্থাপন করেন পরিচালক কবির উদ্দিন আহমেদ। সূত্র **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

৮।  **তামাক নিয়ন্ত্রণে প্ল্যাটফর্ম গঠন করবে পিকেএসএফ**

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ তামাক নিয়ন্ত্রণে যে সকল সংগঠন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কাজ করছে তাদের সমন্বয়ে একটি জাতীয় তামাক নিয়ন্ত্রণ প্ল্যাটফর্ম গঠনের ঘোষণা দিয়েছেন। গতকাল ২৮ মে রোববার আগারগাঁওস্থ পিকেএসএফ ভবনে 'তামাক : জনস্বাস্থ্য ও উন্নয়নের হুমকি' শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। আগামী ৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবসকে সামনে রেখে এবং তামাক নিয়ন্ত্রণে কৌশলগত দিক নির্ধারণের লক্ষ্যে পিকেএসএফ এই সেমিনার আয়োজন করে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৯।  **ব্লগার রাজীব হত্যা মামলার পূর্ণাঙ্গ রায় প্রকাশ**

গণজাগরণ মঞ্চের কর্মী ব্লগার রাজীব হায়দার হত্যা মামলায় দুজনকে ফাঁসি ও একজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে। গতকাল ২৮ মে রোববার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ১৬৩ পৃষ্ঠার এই রায় প্রকাশিত হয়। গত ২ এপ্রিল বিচারপতি জাহাঙ্গীর হোসেন সেলিম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেন এর হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামি হলেন রেদওয়ানুল আজাদ রানা ও ফয়সাল বিন নাইম দীপ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১০।  **জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ**

আজ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত শান্তিরক্ষীদের স্মরণে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এই দিবসটি যথাযথ মর্যাদায় পালন করা হয়। জাতিসংঘ শান্তিরক্ষা

কার্যক্রমে অংশগ্রহণকারী বিশ্বের সকল দেশের শান্তিরক্ষীদের অসামান্য অবদানকে এই দিন গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তারা জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত বিভিন্ন দেশের সকল সদস্যকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। পাশাপাশি যেসব অকুতোভয় বীর সেনানী বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় দায়িত্ব পালন করতে গিয়ে শহিদ হয়েছেন তাদের আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন :** জাহাঙ্গীনগর বিশ্ববিদ্যালয়ের সামনে দুজন ছাত্রের সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শিক্ষা প্রতিষ্ঠানের সামনে অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা রোধে প্রতিষ্ঠানের গেইটে বা সম্মুখস্থ সড়কে শিক্ষার্থীদের নিরাপত্তার ব্যবস্থা রাখার সুপারিশ।

খ. **সংবাদ :** রমজানে সিটি করাপোরেশনের পক্ষ থেকে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নির্ধারণ করে দেওয়া হলেও ব্যবসায়ীদের অসাধু সিন্ডিকেট সব পণ্যের দাম বাড়িয়েছে উল্লেখ করে এক্ষেত্রে বাজারে নজরদারি বাড়িয়ে সিন্ডিকেটের সাথে জড়িতদের চিহ্নিত করে তাদের নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** জ্ঞানভিত্তিক সমাজ গড়তে বইয়ের প্রচার প্রসারের পাশাপাশি সর্বস্তরে পাঠ্যাভ্যাস গড়ে তোলা এবং পাঠপ্রতিক্রিয়া জানানোর মাধ্যমে অর্জিত জ্ঞানকে সংহত ও কর্মোপযোগী করা জরুরি বলে মত প্রকাশ।

ঘ. **প্রথম আলো :** গত এক মাসে চালের দাম **১১** শতাংশ বাড়ায় উদ্বেগ প্রকাশ করে অতিদ্রুত সরকারি গুদামে চালের মজুত বাড়াতে চাল আমদানির সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বাল্যবিবাহ প্রতিরোধে শিক্ষক, শিক্ষার্থী, সচেতন নাগরিক, উপজেলা চেয়ারম্যান ও মেম্বার, গ্রাম্য মাতবর, ধর্মীয় নেতা বিশেষ করে মসজিদের ইমাম সবাইকে সম্মিলিতভাবে এগিয়ে আসার আহ্বান।

চ. **ডেইলি সান :** কক্সবাজারের ৪৫ সীমান্ত পয়েন্ট দিয়ে মিয়ানমার থেকে অবাধে ইয়াবা চোরাচালান ঠেকাতে বাংলাদেশ সরকারকে মিয়ানমার সীমান্তবর্তী **২৭**টি ইয়াবা কারখানা বন্ধসহ অন্যসব ধরনের বাংলাদেশ বিরোধী কর্মকাণ্ড বন্ধে মিয়ানমার সরকারের ওপর চাপ প্রয়োগের সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** নদী সুরক্ষায় যথাযথ কর্তৃপক্ষকে আর সময়ক্ষেপণ না করে নদী দখলবাজদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **নিউ নেশন :** এসএসসি কৃতকার্য প্রায় দেড় লাখ শিক্ষার্থী কলেজে ভর্তি হতে দরখাস্ত না করার বিষয় তুলে ধরে সরকারকে এ ঘটনার পিছনের প্রকৃত কারণ চিহ্নিত করে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** গ্রীষ্মে রাজধানীতে পানির চাহিদা পূরণার্থে ওয়াসাকে ভূ-গর্ভস্থ পানি অতিরিক্ত উত্তোলন না করে ভূ-উপরিস্থ পানিকে সঠিকভাবে বিশুদ্ধ করে তা সরবরাহ করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘আর্সেনিক ঝুঁকির মুখে দুই কোটি মানুষ’** শিরোনামের নিবন্ধে হাসিন জাহান আর্সেনিকের ভয়াল প্রকোপ থেকে রক্ষা পেতে আক্রান্ত এলাকাগুলোতে জনসচেতনতা বৃদ্ধি করতে বাস্তবায়নযোগ্য পদক্ষেপ গ্রহণ করা জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা